

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ / ০১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২১৭-আইন/২০১৫/৭৩৬-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ১১৯-আইন/২০১৫/৭২৫-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল-১ (আমদানি পর্যায়) এর কলাম (১) এ উলিখিত শিরোনাম সংখ্যা (Heading No.) ৪৫.১৭ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উলিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরোনাম সংখ্যা এবং তদ্বিপরীতে এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“৪৫.২৩	৪৫২৩.৪৯.২১	Database, operating system, development tools
	৪৫২৩.৪৯.২৯	Other computer software”;

(খ) টেবিল-২ (আমদানি ও উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উলিখিত শিরোনাম সংখ্যা (Heading No.) ৪৫.২৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উলিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(গ) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.)-

(অ) 30.03 ও 30.04 এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “হোমিওপ্যাথিক ঔষধ” শব্দগুলির পরিবর্তে “হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক, ইউনানী ও ভেষজ ঔষধ সামগ্রী” প্রতিস্থাপিত হইবে;

(আ) 68.10 এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “Hollow concrete block” এর পরিবর্তে “Hollow concrete block, Concrete readymix” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে;

(ই) 85.07 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং তদ্বিপরীতে এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“85.23 সংশ্লিষ্ট এইচ.এস. Software”;
কোড

(ঘ) টেবিল-৪ (সেবা পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) S০৯৯ এর কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০৯৯.৪০ এবং উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রির পর নিম্নরূপ সেবার কোড এবং তদ্বিপরীতে এন্ট্রি সংযোজিত হইবে, যথা:-

“S০৯৯.৫০ অনলাইনে পণ্য বিক্রয়”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
সচিব